

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২২৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫২৩০]

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ التَّالِثُ

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ وَأَبِي خَلَادٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِذَا رَأَيْتُمُ الْعَبْدَ يُعْطِي زُهْدًا فِي الدُّنْيَا وَقِلَّةَ مَنْطِقٍ فَاقْتَرِبُوا مِنْهُ فَإِنَّهُ يلقى الْحِكْمَة». وَوَلَّةَ مَنْطِقٍ فَاقْتَرِبُوا مِنْهُ فَإِنَّهُ يلقى الْحِكْمَة». رَوَاهُمَا الْبَيْهَقِيّ فِي «شعب الْإِيمَان»

ضعيف ، رواه البيهقى فى شعب الايمان (4985 ، نسخة محققة : 4631 من حديث ابى هريرة رضى الله عنه) \* سنده ضعيف ، فيه ابن لهيعة وهو ضعيف لاختلاطه و للحديث طريق آخر عند ابن ماجه (4101) من حديث ابى خلاد به و سنده ضعيف و للحديث طريق موضوع فى حلية الاولياء (7 / 317) !! -

(ضَعيف)

#### বাংলা

৫২২৯-[৭৫], ৫২৩০-[৭৬] আবু হুরায়রাহ্ ও আবৃ খল্লাদ (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন: যখন তোমরা কোন বান্দাকে দেখবে যে, তাকে দুনিয়ার প্রতি অনাকাঙ্খী ও স্বল্লালাপী (এ দুটি গুণ) দান করা হয়েছে, তার সহচার্য লাভ করো। কেননা তাকে সূক্ষ্ম জ্ঞান দেয়া হয়েছে। (উপরের হাদীস দু'টি ইমাম বায়হাকী'র "শুআবুল ঈমানে" রিওয়ায়াত করেছেন)৭৫

## ফুটনোট

সানাদ য'ঈফ: য'ঈফাহ্ ১৯২৩, কারণ সানাদে আবু ফারওয়াহ আছে যার নাম ইয়াযীদ ইবনু সিনান। য'ঈফ বিস্তারিতঃ যঈফাহ্ ১৯২৩, ইবনু মাজাহ ৪১০১, য'ঈফ আল জামি ৫০৮, য'ঈফ আত তারগীব ওয়াত তারহীব



১৮৭১, মুসনাদে আবৃ ইয়া'লা ৬৮০৩, শুআবুল ঈমান ৪৯৮৫, আল মুজামুল কাবীর লিত্ব তবারানী ৪৫৩।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (زُهْدً) -এর অর্থ (قِلَّةَ رَغْبَةٍ) তথা দুনিয়ার প্রতি খুব হালকা আশা, দুনিয়াবিমুখ, সংসারত্যাগী ইত্যাদি। (وَقُلْةً مَنْطِقٍ) হলো কম কথা বলা, অনর্থক এবং প্রবৃত্তির চাহিদামত কথা না বলা। (قِلَّةَ مَنْطِقٍ) তার নৈকট্য অর্জন কর, অর্থাৎ তার সংস্বর্গে যাওয়ার চেষ্টা কর এবং তার মাজলিসে বস।

(حُكْمَةٌ) অর্থ জ্ঞান, বিজ্ঞান, প্রজ্ঞা। এখানে অর্থ বুঝানো হয়েছে(الْمَوْعِظَةُ الْحَسَنَةُ) উত্তম নাসীহাত, কিতাব ও সুন্নাহর ওয়াজ।

মিরকাত গ্রন্থকার বলেন, (حَكْمَةٌ) শব্দের অর্থ হলো 'ইলম ও 'আমালে ইসলামী শরীআতের উৎকর্ষ সাধন। আল্লাহ বলেন, أواتِي خَيارً, ) ''যাকে হিকমাহ (কুরআন সুন্নাহর 'ইলম) দান করা হয়েছে তাকে প্রভূত কল্যাণ দান করা হয়েছে।" (সূরা আল বাকারাহ্ ২ : ২৬৯)

(মিরকাতুল মাফাতীহ; আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩০৮ পূ.; লুম'আহ ৮ম খণ্ড, ৪৫৩ পূ.)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন